


প্রিয় Brendan-এর মাতাপিতা/অভিভাবক,

এই রিপোর্টটি 2022 এর বসন্তে পরিচালিত নিউ ইয়র্ক স্টেট টেস্টিং প্রোগ্রাম ম্যাথমেটিকস অ্যাসেসমেন্টে Brendan এর পারফরমেন্স সংক্ষেপে বিবৃত করে। এই পরীক্ষাতে প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর পারফরমেন্স নির্ধারণ করার একটি উপায়; **যদিও, Brendan কি জানে এবং কি করতে পারে এই প্রাপ্ত নম্বর তার সম্পূর্ণ ও বিস্তারিত তথ্য প্রকাশ করে না।** ইংরেজী ভাষা শিক্ষা (English Language Arts, ELA) এবং গণিতের পরীক্ষা গ্রেড 3-8 থেকে প্রাপ্ত ফলাফলগুলি কারণ নির্ণয়ের জন্য প্রদান করা হয় এবং Brendan এর সরকারি ট্রান্সক্রিপ্ট বা শিক্ষার্থীর স্থায়ী রেকর্ডে অন্তর্ভুক্ত করা হবে না।

অনুবাদ



<http://www.nysed.gov/state-assessment/grades-3-8-ela-and-mathematics-score-report-and-understanding-report-samples>

BRENDAN এর

প্রাপ্ত নম্বর

এই বছর

643

লেভেল 4

পারফরমেন্স লেভেল

BRENDAN
এর প্রাপ্ত নম্বর
643

648

614

602

588

521

লেভেল 4

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী সর্বশ্রেষ্ঠ।

লেভেল 3

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী দক্ষ।

লেভেল 2

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী আংশিক দক্ষ।

লেভেল 1

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীদের গ্রেডের জন্য নির্ধারিত মানের তুলনায় দক্ষতা অনেকটাই কম।

BRENDAN স্টেটের নির্ধারিত মান পূরণ করেছিল।

Brendan এর কি জানা উচিত এবং প্রত্যেক গ্রেড লেভেলে কি করতে সক্ষম হবে, গণিতের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার স্ট্যান্ডার্ড তা বিবৃত করে। এই বিভাগটি দেখায় সেই প্রশ্নগুলিতে Brendan এর দ্বারা অর্জিত পয়েন্ট যা মানের তিনটি দিক পরিমাপ করে যাতে এই গ্রেড লেভেলে সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়ে থাকে।

BRENDAN
এর প্রাপ্ত নম্বর

9

এর

সর্বাধিক
প্রাপ্ত নম্বর

9

হিসাব ও বীজগাণিতিক চিন্তা

এই বিভাগে, শিক্ষার্থীদের করতে বলা হয়ঃ

- চার রকমের হিসাব - যোগ, বিয়োগ, গুণ, এবং ভাগ - ব্যবহার করে বহুধাপ বিশিষ্ট লিখিত সমস্যাসহ বিভিন্ন সমস্যার সমাধান করা;
- চিত্র এবং একটি অজানা পরিমাণের জন্য একটি রাশিসহ সমীকরণের সাহায্যে সমস্যার সমাধান করা;
- ভাগশেষ ব্যাখ্যা করা;
- 1-100 এর মধ্যে অবস্থিত পূর্ণ সংখ্যার গুণনীয়ক নির্ণয় করা;
- একটি নির্দিষ্ট নিয়ম অনুসরণ করে এমন সংখ্যা বা আকৃতির ধারা তৈরি করা।

BRENDAN
এর প্রাপ্ত নম্বর

12

এর

12

দশ ভিত্তিক সংখ্যা ও হিসাব

এই বিভাগে, শিক্ষার্থীদের করতে বলা হয়ঃ

- বহু-সংখ্যার পূর্ণ সংখ্যার জন্য স্থান-মান বোঝার সাধারণীকরণ করা, এই উপলব্ধির সাহায্যে যে বহু-সংখ্যার পূর্ণ সংখ্যায় কোনো স্থানের একটি সংখ্যা তার ডানদিকের স্থানটিতে থাকলে যে মান হত তার দশগুণের প্রতিনিধিত্ব করে;
- বহু-সংখ্যার পূর্ণ সংখ্যাকে দশ-ভিত্তিক সংখ্যাবিধি, সংখ্যার নাম, এবং কথায় লেখা নামের সাহায্যে পড়তে ও লিখতে পারা;
- স্থান-মান বোঝার ক্ষমতা ব্যবহার করে বহু-সংখ্যার পূর্ণ সংখ্যার মান যে কোনো স্থান পর্যন্ত রাউন্ড করা।

BRENDAN
এর প্রাপ্ত নম্বর

12

এর

12

সংখ্যা ও হিসাব - ভগ্নাংশ

এই বিভাগে, শিক্ষার্থীদের করতে বলা হয়ঃ

- সমানুপাতিক ভগ্নাংশ খুঁজে বের করা এবং একই হর ও ভিন্ন হরবিশিষ্ট ভগ্নাংশসমূহের মধ্যে তুলনা করা;
- ভগ্নাংশ ও মিশ্র সংখ্যার যোগ ও বিয়োগ, একটি পূর্ণ সংখ্যা দিয়ে একটি ভগ্নাংশকে গুণ করা, এবং একটি ভগ্নাংশকে আরেকটি ভগ্নাংশ দিয়ে গুণ করা;
- ভগ্নাংশের সাথে সম্পর্কিত লিখিত সমস্যার সমাধান করা।

অনুগ্রহ করে লক্ষ্য করুন, যে শিক্ষার্থীদের একটি ব্যক্তিগত শিক্ষা কর্মসূচি (Individualized Education Program, IEP) আছে অথবা এমন ধারা 504 উপযোগীকরণ পরিকল্পনা (504 প্ল্যান) আছে যেখানে নির্দেশ করা আছে যে পরীক্ষাগুলি জোরে পড়তে হবে, তাদেরকে IEP/504 পরিকল্পনার বৈশিষ্ট্যগুলি অনুযায়ী এই পরীক্ষার জন্য উপযোগীকরণ প্রদান করা উচিত ছিল

BRENDAN এর সাফল্যের তথ্য প্রমাণ

Brendan এর শিক্ষকের সাথে যোগাযোগ করুন এবং জিজ্ঞাসা করুন কোন কাজটি Brendan এর পক্ষে করা কঠিন।

আপনার স্কুলকে জিজ্ঞাসা করুন Brendan এর অগ্রগতি সম্বন্ধে আপনি কেমন রিপোর্ট পাবেন।

Brendan কে যদি উপযুক্ত মনে করেন, তাঁকে সাফল্যের শিখরে উঠতে সহায়তা করার জন্য কাউন্সেলিং বা স্কুলের সহায়তার মতো শিক্ষার্থী সহায়তার সন্ধান করুন।

Brendan এর দক্ষতা কেমন উন্নত হচ্ছে তা দেখতে Brendan এর ক্লাসের পড়া ও বাড়ির পড়া পর্যালোচনা করুন।

নিউ ইয়র্ক স্টেটের স্ট্যান্ডার্ড, পরীক্ষাটি, এবং কিভাবে আপনি Brendan কে সাহায্য করতে পারেন সেই সম্বন্ধে আরো তথ্যের জন্য, <http://www.nysed.gov/state-assessment/grades-3-8-ela-and-mathematics-tests> ওয়েবসাইটটি দেখুন